

দিনাজপুর শিক্ষা বোর্ড  
পাসের হার ৭৫.৪১ শতাংশ  
৫ কলেজে শূন্য

দিনাজপুর প্রতিনিধি

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষায় ৮৫ হাজার ৭৭০ পরীক্ষার্থীর মধ্যে ৬৪ হাজার ৬৭৯ পরীক্ষার্থী পাস করেছে। পাসের হার ৭৫.৪১ শতাংশ। জিপিএ-৫ পেয়েছে ৫ হাজার ৯ জন। গত বছরের তুলনায় যা প্রায় দ্বিগুণ। গত বছরে এ সংখ্যা ছিল (জিপিএ-৫) ২ হাজার ২৬০ জন। এ বছর ৫টি কলেজ থেকে কেউ পাস করতে পারেনি।

দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে এবার ১৬৬টি কেন্দ্রে ৫০৪টি কলেজের পরীক্ষা অনুষ্ঠিত হয়। ৮৭ হাজার ৫০৪ পরীক্ষার্থীর মধ্যে ৮৫ হাজার ৭৭০ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে ৪২ হাজার ৯১৭ ছাত্র ও ৪২ হাজার ৮৫৬ ছাত্রী। পাস করেছে ৬৪ হাজার ৬৭৯ জন। এদের মধ্যে ৩১ হাজার ৯৫৬ ছাত্র ও ৩২ হাজার ৭২৩ ছাত্রী। ছাত্রের পাসের হার ৭৪.৪৬ এবং ছাত্রীর পাসের হার ৭৬.৩৬। দিনাজপুর শিক্ষা বোর্ডে জিপিএ-৫ পাওয়া ৫ হাজার ৯ জনের মধ্যে ছাত্র ২ হাজার ৭৭৫ এবং ছাত্রী ২ হাজার ২৩৪। জিপিএ-৪ থেকে ৫ পর্যন্ত ১৪ হাজার ৯০২ জন, জিপিএ-৩.৫ থেকে ৪ পর্যন্ত ১২ হাজার ৪৮০ জন, জিপিএ-৩ থেকে ৩.৫ পর্যন্ত ১২ হাজার ৭২২

জন, জিপিএ-২ থেকে ৩ পর্যন্ত ১৬ হাজার ৭৭৬ জন এবং জিপিএ-১ থেকে ২ পর্যন্ত পেয়েছে ২ হাজার ৭৯০ জন। পরীক্ষায় অসদুপায় অবলম্বন করায় ৪৭ জনকে বহিষ্কার করা হয়। এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীর সংখ্যা ১২ হাজার ৭৭০ জন। শতভাগ পাস করা কলেজের সংখ্যা ১২টি। ৫টি প্রতিষ্ঠান থেকে কেউ পাস করতে পারেনি।

শিক্ষা বোর্ডের দেয়া তথ্যমতে বিজ্ঞান বিভাগে ১৭ হাজার ৩৫ জনের মধ্যে ১২ হাজার ৪৩৯ জন পাস করেছে। পাসের হার ৭৩.০২ শতাংশ। মানবিক বিভাগে ৫২ হাজার ৮৪৩ জনের মধ্যে ৩৯ হাজার ২১০ জন পাস করেছে। পাসের হার ৭৪.২০ শতাংশ। বাণিজ্য বিভাগে ১৫ হাজার ৮৯৫ জনের মধ্যে ১৩ হাজার ৩০ জন পাস করেছে। পাসের হার ৮১.৯৮ শতাংশ। পরীক্ষা নিয়ন্ত্রক ডোফাক্কর রহমান জানান, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ৪টি পরীক্ষায় বিগত বছরগুলোর তুলনায় এবারের ফল অনেক ভালো। ২০০৯ সালে দিনাজপুর শিক্ষা বোর্ডে পাসের হার ছিল ৫৫.৯০, ২০১০ সালে ৬৭.৫৪ শতাংশ এবং ২০১১ সালে পাসের হার ছিল ৬৬.১৮ শতাংশ।